

উপবৃত্তি প্রকল্প : কাপাসিয়ায় ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের মধ্যে ব্যাপক সাড়া জাগিয়েছে

কাপাসিয়া (মাদীপুর) থেকে ঃ
উপবৃত্তি প্রকল্প উপজেলায় প্রাথমিক বিদ্যালয়গুলোর
ছাত্র-ছাত্রী শিক্ষক ও অভিভাবকদের মধ্যে ব্যাপক
সাড়া জাগিয়েছে। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর উপস্থিতি
বেড়েছে ও লেখাপড়ার মান উন্নত হয়েছে।
জানা যায় উপজেলায় সরকারী প্রাথমিক

বিদ্যালয় রয়েছে ১৪০টি, যেজি: বেনরকারী গ্রা: বি: ২৭টি, আনজেলি: গ্রা: বি: ৫টি, কবিউনিটি গ্রা: বি: ৮টি, উচ্চ বিদ্যালয় সংলগ্ন গ্রা: বি: ১২টি, মাদ্রাসা সংলগ্ন গ্রা: বি: ৪৪টি, কিতার গার্টেন ৫৫টি এবং এবেতেদায়ী মাদ্রাসার সংখ্যা ২৪টি। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৪২৯৯৮ জন ছাত্র-ছাত্রী লেখাপড়া করছে। ছাত্র-ছাত্রীদের মধ্যে সরকারী ১৪০টি, বেজি বেস: ২৬টি, কবিউনিটি ৬টি এবং এবেতেদায়ী ৩টি বিদ্যালয়ের অধায়েনরত দ্বি-মুখবী ৪০ শতাংশ ছাত্র-ছাত্রী উপস্থিতি পাচ্ছে। শতকরা ৮৫ রূপে উপস্থিতি, সর্বনিম্ন শতকরা ৪০ নম্বর গ্রাণ্ড প্রুজি শর্ত পূরণ হলে প্রত্যেক ছাত্র-ছাত্রী মাসে ১ শ' টাকা এবং এক পরিবারের দু'জন হলে ১২৫ টাকা নগদ উপবৃত্তি পাচ্ছে। ফলে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের মধ্যে শিক্ষামুগ্ধতা ও শিক্ষাদানের ব্যাপারে আগ্রহ দেখা দিয়েছে। তাছাড়া প্রাথমিক বৃত্তি পরীক্ষায় কমপক্ষে ১০ জন অংশগ্রহণ না করলে এবং ছাত্র-ছাত্রী উপস্থিতি ৬০% এর কম হলে উচ্চ বিদ্যালয়ে উপবৃত্তি পাচ্ছে না। এ সকল কারণে শিক্ষকদের মধ্যে দায়িত্বসচেতনতা বৃদ্ধি পেয়েছে। বিদ্যালয় পরিচালনা কমিটিগুলোও সক্রিয় হয়েছে।

গত ২০০৩ সালে উপজেলায় প্রাথমিক বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ৩১ জন, ২০০৪ সালে এ সংখ্যা বেড়ে হয়েছে ১০৫ জন। এ বছর ৪৪টি বিদ্যালয় থেকে ১০০% ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে যা একটি রেকর্ড। উচ্চ বিদ্যালয়গুলোকে উপজেলা শিক্ষা অফিসের পক্ষ থেকে গত ২৪ জন সংবর্ধনা দেয়া হয়। এ অনুষ্ঠানে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবুল ফাতেম,

উপজেলা নির্বাহী কর্মকর্তা মিজবুল হক মৌদ্রী, উপজেলা প্রাঙ্গণাধী মোঃ সেলিম মিয়া ও শিক্ষা কর্মকর্তা আঃ মান্নান প্রমুখ উপস্থিত ছিলেন। সবাই প্রাথমিক শিক্ষার অর্ধিত সাক্ষ্যে সন্তোষ প্রকাশ করেন। শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলায় প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি পাচ্ছে ১৩ হাজার ২৫৩ জন ছাত্র-ছাত্রী। একটি কিতার গার্টেনের অধাফ অন্নিয়োগ করেন, আনাদের সরকারী বই দেয়া হয় না, আবার উপবৃত্তি বন্ডিত করা হচ্ছে এ কেনন বিচার।